



কোস্ট ট্রাস্ট সংবাদ বিজ্ঞপ্তি. ০৪ জুন ২০১৭

দক্ষিণ এবং দক্ষিণ পূর্বাঞ্চলীয় দেশসমূহের আঞ্চলিক যোগাযোগ অর্থনীতি এবং সাংস্কৃতিকে পূর্বীকরণ (Esternization) করার পক্ষে, রাজনৈতিক নেতৃত্ব, নাগরিক সমাজ ও দূতাবাস কর্মকর্তাগণ

ব্লু ইকোনমি থেকে অর্থনৈতিক সুবিধা অর্জনের জন্য বিমসটেক সদস্য দেশসমূহের মধ্যে আঞ্চলিক সমন্বয় জোরদার করতে হবে

অদ্য ০৪ জুন ২০১৭, সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠিতব্য “ব্লু-ইকোনমিঃ বাংলাদেশ এবং বে-অব-বেঙ্গল রিজিওনাল কো-অপারেশন” শির্ষক সেমিনারে বক্তারা বঙ্গপোসাগর কেন্দ্রিক তথা ব্লু ইকোনমি (Blue Economy) বাস্তবায়ন এবং সেখান থেকে অর্থনৈতিক সুবিধা অর্জন করতে হলে বাংলাদেশসহ এবং বঙ্গপোসাগর-কেন্দ্রিক সকল সদস্য দেশসমূহকে মধ্যে আঞ্চলিক যোগাযোগ, অর্থনীতি এবং সাংস্কৃতিক বিষয়সমূহকে পূর্বীকরণ (Esternization) করার, আহ্বান জানানো হয়। তারা আরও বলেন যে বঙ্গপোসাগর অঞ্চলের অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্য ও ইতিহাস বহু বছরের পুরোনো, যা বিমসটেক সদস্য দেশসমূহকে আঞ্চলিক সহযোগীতা এবং যোগাযোগ বৃদ্ধিতে উদ্বুদ্ধ করে এবং ব্লু-ইকোনোমি বাস্তবায়নের মাধ্যমে এ অঞ্চলের জনগণের জন্য টেকসই অর্থনৈতিক সুবিধা নিশ্চিত করতে পারে।

আমেরিকান সেন্টারের সহযোগীতায় এবং কোস্ট ট্রাস্টের উদ্যোগে অনুষ্ঠিত সেমিনারটি সঞ্চালনা করেন কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী। উক্ত সেমিনারে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় কমিটির সভাপতি ডঃ দীপু মনি এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস ও প্রানীসম্পদ প্রতিমন্ত্রী জনাব নারায়ন চন্দ্র চন্দ, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিমসটেক এর মহাসচিব রাষ্ট্রদূত সুমিত নাখান্দালা এবং রয়েল ভুটান এমবাসি এর ফাস্ট সেক্রেটারী জনাব দোমাং, শ্রিলঙ্কান হাইকমিশনার মিসেস ইয়াসুজা গুনাসেকারা, আমেরিকান সেন্টারের কুটনৈতিক কর্মকর্তা জনাব রেব্র মোজের, বাংলাদেশ নৌবাহিনীর ব্লু-ইকোনোমি সেলের প্রধান কমডোর এএ মামুন চৌধুরী, কোস্ট গার্ড এর ক্যাপ্টেন মামুনের রশীদ। এছাড়া আরও বক্তব্য রাখেন খুলনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মিসেস আফরোজা খাতুন, সিপিআরডি'র প্রধান জনাব সামসুদ্দোহা, দ্বীপ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জনাব রফিকুল ইসলামসহ নাগরিক সমাজের প্রতিনিধিগণ। সেমিনারে ব্লু-ইকোনমি বিষয়ের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মিসেস লইলুফার ইয়াসমিন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মেরিন সাইন্সের অধ্যাপক জনাব শাহাদাৎ হোসান। এর পাশাপাশি ব্লু-ইকোনমি বিষয়ে বিমসটেক সদস্য দেশসমূহের বিভিন্ন লেখকদের লেখার উপর একটি সারাংশ উপস্থাপন করেন কোস্ট ট্রাস্টের পরিচালক জনাব সনৎ কুমার ভৌমিক।

প্রবন্ধ উপস্থাপনে অধ্যাপক শাহাদাৎ বলেন যে ভবিষ্যত অর্থনীতির চালিকা শক্তি হতে পারে ব্লু ইকোনোমি যদিও পাশ্চাত্য দেশসমূহের তুলনায় বাংলাদেশের এক্ষেত্রে সক্ষমতার ঘাটতি রয়েছে। অধ্যাপক লইলুফার বলেন একবিংশ শতাব্দী হচ্ছে আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার ক্ষেত্রে এবং আমাদের জ্ঞান ও অর্থনীতি পূর্বীকরণের বিষয়। বিমসটেক হচ্ছে আমাদের জন্য এক্ষেত্রে এটি অপূর্ব সুযোগ।

আমেরিকার এমবাসির জনাব রেব্র মোজার বলেন যে বিমসটেক অঞ্চলে জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে আমেরিকান এলামুনিদের এই উদ্যোগটি প্রশংসনীয়। ভুটান এমবাসির জনাব দোমাং বলেন আঞ্চলিক সহযোগীতার ক্ষেত্রে বিসমটেক এবং বে অফ বেঙ্গল সদস্য দেশসমূহের মধ্যে উজ্জল সম্ভাবনা রয়েছে। শ্রিলঙ্কান হাই-কমিশনার বলেন তার সরকারের অগ্রাধিকার বিষয় হচ্ছে ব্লু-ইকোনমি এবং এক্ষেত্রে আঞ্চলিক সহযোগীতা ক্ষেত্রসমূহ খুঁজে দেখা হচ্ছে।

বিমসটেক মহাসচিব জনাব সুমিত নাখান্দালা বলেন বে অফ বেঙ্গল দেশসমূহের মধ্যে আঞ্চলিক সহযোগীতার বিষয়টি নতুন নয়। এ অঞ্চলের ক্ষেত্রে ১৪টি সহযোগীতার বিষয় নির্ধারণ করা হয়েছে। ভারতের গোয়ায় অনুষ্ঠিত সম্মেলনে বিসমটেক নেতৃত্বগণ ব্লু ইকোনমি এবং মাউন্টেন ইকোনোমির উপর গুরুত্ব দিয়েছেন। প্রতিমন্ত্রী জনাব নারায়ন চন্দ্র চন্দ বলেন যে, সাগর কেন্দ্রিক টেকসই অর্থনীতির বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের সরকার অত্যন্ত সচেতন। সেমিনারের সভাপতি ডঃ দীপু মনি বলেন সঠিক রাজনীতি এবং সঠিক নেতৃত্বের করণেই আমরা বঙ্গপোসাগরের উপর কতৃত্ব লাভ করতে পেরেছি এবং বিমসটেক সচিবালয় ঢাকায় স্থাপন করতে পেরেছি এবং এই রাজনীতির ধারা অব্যাহত থাকা উচিত।

প্রতিবেদক

সৈয়দ আমিনুল হক +৮৮০১৭১৩৩২৮৮১৫

রেজাউল করিম চৌধুরী +৮৮০১৭১১৫২৯৭৯২